MIDNAPORE CITY COLLEGE LIBRARY ESTD.-2017

# 2019

## B.A. 1st Semester Examination

## BENGALI (Honours)

## Paper : C 1-T

*Full Marks : 60* *Time : 3 Hours*

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### ক-বিভাগ

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

১. আর্য জাতির যে শাখাটি ইরান-পারস্যে প্রবেশ করেছিল, সেই শাখার ভাষার নাম কী? এই ভাষার প্রাচীনতম নিদর্শন কী?

২. মাগধী অপভ্রংশকে কী কী ভাগে ভাগ করা যায়? বাংলা ভাষা এর কোন শাখার অন্তর্গত?

৩. প্রাচীন বাংলা ভাষার কালসীমা লেখো। এই বাংলা ভাষার প্রামাণ্য নিদর্শন কোন্‌টি?

[ Turn Over ]

৪. 'তদ্ভব শব্দ' কাকে বলে? একে কী কী শ্রেণিতে ভাগ করা যায়?

৫. 'আলতা', 'উনুন'—শব্দ দুটির উৎস ও বিবর্তন দেখাও।

৬. 'সংকর শব্দ' (Hybrid word) কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

৭. 'অনূদিত ঋণ' (Translated loan) কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৮. ক্ষতিপূরণ দীর্ঘীভবন (Compensatory Lengthening) কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৯. মিশ্রণ বা বিমিশ্রিণ (Contamination) কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

১০. 'খণ্ডিত শব্দ' (Clipped word) কী? একটি উদাহরণ দাও।

১১. সবিভক্তিক পদ (Inflexional) কাকে বলে? সবিভক্তিক পদকে কী কী ভগে ভাগ করা যায়?

১২. অকর্মক ক্রিয়া (Intransitive verb) কাকে বলে? উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

১৩. রূপতত্ত্বের বিচারে বিশেষণকে কয়টি ও কী কী ভাগে ভাগ করা যায়?

১৪. যৌগিক ক্রিয়া (Compound verb) কাকে বলে? যৌগিক ক্রিয়ার একটি উদাহরণ দাও।





১৫. লোকভাষা কাকে বলে? লোকাচার সম্পৃক্ত একটি লোকভাষা শ্রেণির নাম লেখো।

## খ-বিভাগ

যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪×৫=২০

১৬. আধুনিক বাংলা ভাষার পাঁচটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

১৭. বাংলা শব্দভাণ্ডারের 'মৌলিক শব্দ' সম্পর্কে উদাহরণসহ একটি সংক্ষিপ্ত নিবন্ধ প্রস্তুত করো।

১৮. লোকনিরুক্তি (Folk Etymology) কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো।

১৯. স্বরসঙ্গতি (Vowal Harmony) কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো।

২০. শব্দের অর্থ পরিবর্তনের স্থূল কারণগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২১. 'নির্দেশক সর্বনাম' সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

## গ-বিভাগ

যেকোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

২২. "সংস্কৃত ভাষাই বাংলা ভাষার জননী"—প্রচলিত এই উক্তিটি ভাষাতত্ত্বের বিচারে কতটুকু গ্রহণযোগ্য যুক্তিসহ বিচার করো। ১০

*[ Turn Over ]*

২৩. আদি মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। ১০

২৪. শব্দের অর্থ পরিবর্তনের বিভিন্ন ধারার পরিচয় উদাহরণসহ লেখো। ১০

২৫. ঝাড়খণ্ডী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

---